বাসুদেবপুরে বিজেপি প্রার্থীর ফ্লেক্স ছিঁড়ে দেওয়া নিয়ে উত্তেজনা

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : উলুবেড়িয়ার-২ নম্বর ব্লকের বাসুদেবপুরে বিজেপি প্রার্থী তনুশ্রী হালদারের নির্বাচনী ফ্লেক্স ছিঁড়ে দেওয়া হয়েছে। ঘটনাটি ঘটেছে ১৫১,১৫২ নম্বর রুটে। এই ঘটনার ফলে এলাকায় যথেষ্ট উত্তেজনা ছড়িয়ে পড়ে। এই ঘটনার প্রতিবাদে ওই এলাকার গ্রামসভার বিজেপি প্রার্থী তনুশ্রী হালদার উলুবেড়িয়া ব্লক-২ এর বিডিওকে একটি অভিযোগ পত্র জমা দেন। তনুশ্রীদেবী জানিয়েছেন। তাঁর একটি ফ্লেক্স বারির পাড়ার কলের সামনে রবিবার লাগানো হয়। সোমবার সকালে দেখতে পাই এই ফ্লেক্সটিএকটি পরিত্যক্ত মাঠে ভাঙা অবস্থায় পড়ে আছে। আমার অনুমান এই ঘটনা ঘটিয়েছে তৃণমূল আশ্রিত দুষ্কৃতীরা। তারা এলাকায় ভয় ও ভীতির পরিবেশ সৃষ্টি করতে চাইছে। আমি প্রার্থী হিসাবে নিজে আতঙ্কিত বোধ করছি। যদিও ওই এলাকার তৃণমূল নেতৃত্ব এই অভিযোগ সম্পূর্ণ অস্বীকার করেছে।

সুডোকু মেলাও বুদ্ধি বাড়াও

	1							
3		8		9	5		6	
4		5		6				
		7	6	5		3		
		3	8		1	6		
		4		3	7	2		
				4		8		9
	4		5	8		1		3
							4	

গতকালের সমাধান

5	6	9	3	1	7	2	8	4
7	2	3	8	9	4	5	1	6
1	4	8	5	6	2	7	3	9
2	8	6	7	4	9	3	5	1
9	7	5	1	8	3	4	6	2
4	3	1	2	5	6	8	9	7
6	5	7	4	3	1	9	2	8
8	9	2	6	7	5	1	4	3
3	1	4	9	2	8	6	7	5

আবহাওয়া

পূর্বাভাস: মঙ্গলবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ৩৭ ডিগ্রি ও ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। **তাপমাত্রা:** সোমবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ৩৬ ডিগ্রি ও ২৬ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ৮২ শতাংশ। **সূর্যোদয়:** ঘ ৫।০৯, **সূর্যাস্ত:** ঘ ৬।০০**জোয়ার**:দুপুর: ১২:০৪। **ভাঁটা**:সকাল : ৫:০৭।

— সমাধানের নিয়ম —

এমন ভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে যেন প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

সোনা-রুপোর বাজার দর

	টাকা
পাকা সোনা (১০ গ্রাম):	৩১,৭৩০
গহনা সোনা (১০ গ্রাম):	৩০,১০৫
হলমার্কগহনা: (২২ ক্যারেট ১০ গ্রাম):	৩০,৫৫৫
রুপোর বাট (প্রতি কেজি):	৪১,৬০০
খুচরো রুপো (প্রতি কেজি):	৪১,৭০০

সৌজন্যে: পশ্চিমবঙ্গ বুলিয়ান মার্চেন্টস অ্যান্ড জুয়েলার্স অ্যাসোসিয়েশন বাজার দর (মূল্যযুক্ত কর আলাদা)।

মুদ্রা বিনিময় হার

RBI REFERENCE RATE

INR / 1 USD	66.2177
INR / 1 Euro	81.2690
INR / 100 Jap. YEN	61.4000
INR /1 Pound Sterling	92.8438

শেয়ার সূচক

BSE	34,450.77	▲	(+36.19)
NIFTY	10,585.70	▲	(+20.65)

শব্দলিপি- ১১৭৩



[illegible]

বীরভূমে ফের সন্ত্রাস, বোমা, গুলি নিরাপত্তা নেই, অভিযোগ বিরোধীদের

নিজস্ব সংবাদদাতা, সিউড়ি : মনোনয়নের অতিরিক্ত দিনেও বীরভূমের রাস্তায় বোমা হাতে দাঁড়িয়ে আছে উন্নয়ন! বিরোধীরা যখন তৃণমূলের সন্ত্রাসের মডেল হিসেবে বীরভূমকে প্রতীক হিসেবে দেখাতে চাইছে।

ঠিক তখনই জেলার সর্বত্র বিরোধীদের বাধা দেওয়ার অভিযোগ উঠতে শুরু করেছে তৃণমূল আশ্রিত দুষ্কৃতীদের বিরুদ্ধে। কোথাও বোমাবাজি তো কোথাও মোটা বাঁশ দিয়ে মারধর করা হয়েছে বিরোধী প্রার্থী এবং তাঁদের সমর্থকদের। ভাঙচুর চালানো হয়েছে বিজেপির জেলা পার্টি অফিসেও জেলা জুড়ে এই ঘটনা ঘটলেও, এখনও পর্যন্ত পুলিশ কোথাও বিরোধীদের নিরাপত্তা দিচ্ছে না বলে অভিযোগ। হাইকোর্টের নির্দেশে আজ চার ঘণ্টার জন্য মনোনয়ন জমা নেওয়া শুরু হয়েছে। বেলা ১১টা থেকে চলবে তিনটে পর্যন্ত। কিন্তু তার আগে সকাল থেকে জেলার সর্বত্র শুরু হয়েছে অশান্তি। মনোনয়ন জমা নেওয়া শুরু হওয়ার আগেই মুরারই ২ নম্বর ব্লক অফিসের অদূরে শুরু হয় বোমাবাজি। অচিরেই চারিদিকে ভরে যায় ধোঁয়ায়। তার মধ্যেই তিরধনুক হাতে কিছু লোককে এদিন ওদিকে ছুটে বেড়াতে দেখা যায়। দুষ্কৃতীরা সিপিএম কর্মী-সমর্থকদের দেখে নেওয়ার হুমকি দিয়ে বোমাও ছোড়ে বলে অভিযোগ। বিডিও অফিস থেকে দু'জন কংগ্রেসের হয়ে মনোনয়ন জমা করা ব্যক্তিকে মারধর করে বের করে দেওয়া হয়। বোমার আঘাতে জখম হন কংগ্রেসের এক মহিলা কর্মী। শাসকদলের দুষ্কৃতীরা বোমা ও তিরধনুক নিয়ে বাম ও কংগ্রেসের দিকে তেড়ে যায় বলে অভিযোগ। সিউনিতে বিজেপির কার্যালয়ে হামলা চালায় একদল দুষ্কৃতী। ভাঙচুর করা হয় পার্টি অফিসের সামনে দাঁড়িয়ে থাকা মোটরবাইক ও সাইকেল। পঞ্চায়েত সমিতির জন্য দুবরাজপুরে মনোনয়ন জমা দিতে গেলে বিজেপির এক কর্মীর মাথা ফাটিয়ে দেওয়া হয়। তাঁকে সিউড়ি হাসপাতালে ভর্তি করা হয়েছে।

কংগ্রেসের হয়ে মনোনয়ন জমা দেওয়ার জন্য রামপুরহাটের ১ নম্বর ব্লকের ঢুকতে গেলে দু'জনকে মেরে বের করে দেওয়া হয় পুলিশের সামনেই। আরও অভিযোগ, রামপুরহাট-২ নম্বর ব্লকে বামফ্রন্ট ও কংগ্রেস নেতা-কর্মীরা মনোনয়ন জমা দেওয়ার জন্য প্রস্তুতি নিলে তাঁদের মারধর করে শাসকদলের দুষ্কৃতীরা। কংগ্রেস নেতা অপূর্ব চৌধুরি, সিপিএমের কার্তিক মালকে মারধর করা হয়।

প্রতিবাদে তাঁরা পথ অবরোধ করেন। নলহাটি ১ নম্বর ব্লকে মনোনয়ন জমা দিতে গেলে দুই বিজেপি প্রার্থীকে মারধর করে বের করে দেওয়া হয়।

আসলে সোমবার সকাল থেকেই রামপুরহাট মহকুমা শাসকের অফিস চত্বর ছিল শাসকদলের দুষ্কৃতীদের দখলে। মাঝে পুলিশ গিয়ে সরে যেতে বললেও কর্ণপাত করেনি দুষ্কৃতীরা। মহকুমাশাসকের অফিসের সামনেই রাজ্যের একটি সংবাদমাধ্যমের চিত্র সাংবাদিক সব্যসাচী ইসলামকে বেধড়ক মারধর করে মাথা ফাটিয়ে দেওয়া হয়েছে। চিকিৎসার জন্য তাঁকে রামপুরহাট স্বাস্থ্য জেলা হাসপাতালে ভরতি করা হয়েছে।

বহরমপুরে প্রকাশ্যে বাঁশপেটা বিধায়ক মনোজ চক্রবর্তীকে

নিজস্ব সংবাদদাতা, বহরমপুর : বহরমপুরে আক্রান্ত কংগ্রেস বিধায়ক মনোজ চক্রবর্তী। তাঁকে বাঁশ দিয়ে মারধরের অভিযোগ তৃণমূল আশ্রিত দুষ্কৃতীদের দিকে। পুলিশের সামনেই ঘটনাটি ঘটেছে। পরিস্থিতি সামলাতে লাঠিচার্জ করে পুলিশ। বিধায়ককে মারধরের প্রতিবাদে রাস্তা অবরোধ করে বিক্ষোভ দেখান কংগ্রেস কর্মীরা। এলাকায় উত্তেজনা রয়েছে। নামানো হয়েছে র‍্যাফ। মনোজ চক্রবর্তীকে মুর্শিদাবাদ মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। সোমবার দুপুর দেড়টা নাগাদ দলের মনোনীতদের নিয়ে মনোনয়নপত্র জমা দিতে যাচ্ছিলেন মনোজ চক্রবর্তী। তাঁর সঙ্গে ছিলেন কংগ্রেসের অন্য নেতা-কর্মীরা। বহরমপুর বিডিও অফিসে ঢোকার আগে মনোজ চক্রবর্তীর পথ আটকায় তৃণমূলের লোকজন। অভিযোগ, প্রথমে ঠেলাঠেলি, পরে তাঁকে বাঁশ দিয়ে আঘাত করা হয়। রাস্তায় পড়ে যান তিনি। বাঁশের মারে কাঁধে আঘাত পেয়েছেন তিনি। জেলা কংগ্রেসের নেত্রী মৌসুমী বেগম সহ আরও দুই মহিলাকেও মারধর করা হয় বলে অভিযোগ। কংগ্রেসের নেতা-কর্মীদের তাড়া করা হয়। পরিস্থিতি সামলাতে লাঠিচার্জ করে পুলিশ। পুলিশের তৎপরতায় পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে। এদিকে হামলার প্রতিবাদে রাস্তা অবরোধ করেন কংগ্রেস কর্মীরা। পরে পুলিশের হস্তক্ষেপে অবরোধ উঠে যায়। এলাকায় উত্তেজনা থাকায় র‍্যাফ নামানো হয়েছে। মনোজ চক্রবর্তী সহ কংগ্রেস কর্মীদের উপরে হামলার ঘটনায় রাজ্য নির্বাচন কমিশনারকে চিঠি পাঠিয়েছেন প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর চৌধুরি।

হরিহরপাড়ায় বিরোধীদের মনোনয়ন দিতে বাধা, অভিযুক্ত তৃণমূল

নিজস্ব সংবাদদাতা, বহরমপুর : মনোনয়নপত্র জমা দেওয়াকে কেন্দ্র করে সোমবার সকাল থেকেই উত্তপ্ত হয়ে উঠল হরিহরপাড়া ব্লক অফিস চত্বর। বিরোধীদের অভিযোগ, তৃণমূল আশ্রিত দুষ্কৃতীরা মনোনয়ন জমা দেওয়ার লাইনে হামলা চালায়। পুলিশের সামনে ঘটনাটি ঘটলেও তারা প্রথমে কোনও ব্যবস্থা নেয়নি বলে অভিযোগ। কলকাতা হাইকোর্টের নির্দেশে মনোনয়নপত্র জমা দেওয়ার জন্য দিন বাড়ানো হয়। সেই মতো সোমবার সকালে মনোনয়নপত্র জমা দেওয়ার জন্য হরিহরপাড়া ব্লক অফিসের সামনে জমায়েত হন বিভিন্ন রাজনৈতিক দলের প্রার্থীরা। এলাকায় ১৪৪ ধারা জারি ছিল। অভিযোগ, তৃণমূলের দুষ্কৃতীরা ব্লক অফিসের সামনে লাইনে দাঁড়িয়ে থাকা বিরোধী প্রার্থীদের উপর লাঠি নিয়ে হামলা চালায়। মনোনয়ন জমা দিতে বাধা দেওয়া হয়। কেন্দ্র থেকে তাঁদের মারধর করে বের করে দেওয়া হয়। বিরোধীদের আরও অভিযোগ, মনোনয়ন কেন্দ্রের সামনে পুলিশ মোতায়েন ছিল। তৃণমূলের দুষ্কৃতীরা পুলিশের সামনেই হামলা চালিয়েছে। কিন্তু পুলিশের তরফে প্রথমে কোনও পদক্ষেপ নেওয়া হয়নি। এরপর উত্তেজনা চরমে উঠলে পুলিশ বিষয়টিতে হস্তক্ষেপ করে যদিও অভিযোগ অস্বীকার করে পুলিশের তরফে জানানো হয়েছে, ঝামেলা শুরু হওয়া মাত্রই ব্যবস্থা নিয়েছিল তারা।

হুগলি জেলায় একটি নিঃশুল্ক চিকিৎসা শিবির

নিঃশুল্ক চিকিৎসা শিবির
গৌড়ীয় মিশন
FREE HEALTH CAMP & MEDICA
Organised by
GAUDIYA MISSION
Bagbazar, Kolkata-3

নিজস্ব সংবাদদাতা: বাগবাজার গৌড়ীয় মিশন একটি ঐতিহ্যময়ী প্রাচীন প্রতিষ্ঠান।দীর্ঘ কয়েক বছর যাবৎ প্রাকৃতিক বিপর্যয়ে পীড়িত মানুষের জন্য অন্ন, বস্ত্র ও ওষুধ বিতরণ করে আসছেন। গত ২২ এপ্রিল রবিবার হুগলি জেলায় পাণ্ডুয়া অন্তর্গত বৈচি গ্রামের বিজয় সংঘ ক্লাবে একটি নিঃশুল্ক চিকিৎসা শিবির তথা স্বাস্থ্য সচেতনতা শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে গরিব, দুঃখী ও আবালবৃদ্ধ বনিতাসহ প্রায় ১৫০ জন রোগীর চিকিৎসা করা হয়। ডঃ পি.আর. রায় চৌধুরি ও ডঃ মহাদেব মণ্ডল উপস্থিত সকল পীড়িত রোগীদের যত্ন সহকারে চিকিৎসা করেন। সকল রোগীকে মিশন কর্তৃক বিনামূল্যে ওষুধ বিতরণ করা হয়। মিশন হতে সুদাম দাস ব্রহ্মচারী, কাশীনাথ রায় ও স্থানীয় গ্রামবাসীদের পক্ষে ক্লাব সভাপতি অশোক মৃধা, সহসভাপতি সাগর ক্ষেত্রপাল ও সহযোগিতায় উরুক্রম দাস অধিকারীর সহযোগিতায় উক্ত কার্য সুসম্পন্ন হয়। মিশনের সেবাসচিব ত্রিদণ্ডী স্বামী শ্রীপদ ভক্তিসুন্দর সন্ন্যাসী মহারাজের তত্ত্বাবধানে উক্ত শিবিরের কার্য সুষ্ঠুভাবে সম্পাদিত হয়েছে বলে গৌড়ীয় মিশনের পক্ষ থেকে জানানো হয়।

সাঁকরাইলে গৃহস্থের বাড়িতে চুরি

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : হাওড়ার সাঁকারাইল থানার আন্দুল ঝোড়াহাটে এক গৃহস্থের বাড়িতে ভয়াবহ চুরির ঘটনায় এলাকায় উত্তেজনা ছড়িয়ে পড়ে। জানা গিয়েছে, ঘটনাটি ঘটেছে ওই এলাকারবাড়িতে।তাঁরবাড়িরদরজা ভেঙেআলমারিখুলেপ্রায়৩০ভড়ি সোনার গয়না ও লক্ষাধিক টাকা চুরি করে নিয়ে পালায় চোরেরা। গয়না গুলি নিয়ে গয়নার বাক্স ঘটনাস্থলে রেখে পালায় তারা। প্রাথমিকভাবে অনুমান, পরিচিতরাই এ কাজ করেছে।

ঘটনার সময় সুমিত্রাদেবী এবং সুমিত্রাদেবীর ছেলে শুভ্রনীল সরকার একঘরে শুয়েছিলেন। সুমিত্রাদেবীর স্বামী সজল সরকার আলাদা ঘরে শুয়েছিলেন। শুভ্রনীল এনডি কলেজে পড়ে। চুরি পর সুমিত্রাদেবী সাঁকরাইল থানায় অভিযোগ দায়ের করেনসাঁকরাইলথানারপুলিশতদন্ত শুরুকরেছে।

প্রকাশ্যে ধূমপান করায় হাওড়ায় জরিমানা

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : প্রতিবাবের মতো এবারও হাওড়া জেলা স্বাস্থ্য দফতরের উদ্যোগে প্রকাশ্যে গুরুত্বপূর্ণস্থানে ধুমপান করার জন্য স্পট ফাইন করা হল। জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাঃ ভবানী দাসের এই কর্মকাণ্ডে ভূমিকা ছিল গুরুত্বপূর্ণ বলে জানা গিয়েছে। এদিন সোমবার হাওড়া স্টেশন সংলগ্ন এলাকা ও হাওড়া বাসস্ট্যান্ড সংলগ্ন এলাকায় এই বিশেষ অভিযান চালায় জেলা স্বাস্থ্য দফতরের একটি বিশেষ টিম। এদিন এক স্বাস্থ্য আধিকারিক জানান, মোট ১৭জনকে তাঁরা এই প্রকাশ্যে ধূমপান করার জন্য ধরেছে। তাদের কাছ থেকে মোট ১৮৫০ টাকা জরিমানা আদায় হয়েছে। মঙ্গলবারও এই অভিযান চলবে বলে জানান ওই স্বাস্থ্য আধিকারিক।

মূলত, স্বাস্থ্য দফতরের এই অভিযান আগেও অনেকবার হয়েছে হাওড়ায়।

খাবারে ইঁদুর মারার বিষ, মৃত ১

নিজস্ব সংবাদদাতা, রামপুরহাট : রান্নারসময়ইঁদুরমারারবিষমিশেছিল সবজিতে। সেইসবজি খেয়েমৃত্যুহল একনাবালকের। বীরভূমেরনলহাটি থানার উজিরপুর গ্রামের দাসপাড়ায় রবিবার বিকেলে ঘটনাটি ঘটেছে। মৃতের নাম সুমন দাস (১০)। আশঙ্কাজনক অবস্থায় রামপুরহাট স্বাস্থ্য জেলা হাসপাতালে চিকিৎসাধীন সুমনের মা সুলেখা ও ভাই সুজয় ।রবিবার দুপুরে বাড়িতে রান্না করছিলেন সুলেখাদেবী। রান্নাঘরে রাখা ছিল ইঁদুর মারা বিষ। সেই বিষ অসাবধানতাবশত সবজির সঙ্গে মিশে যায়। সেই সবজি খান সুলেখা ও তাঁর দুই ছেলে। কিছুক্ষণ পর তাঁরা অসুস্থ বোধ করলে তাঁদের রামপুরহাট স্বাস্থ্য জেলাহাসপাতালে নিয়েযাওয়াহয়। সেখানেইমৃত্যুহয় সুমনের। সুলেখার জা বৈশাখী বলেন, 'দুপুরেখাওয়াদাওয়ারপরওরা বমিকরতেথাকে। বিষের গন্ধ পেয়ে খোঁজখবর শুরু করি। তার পরেই সবজির মধ্যে বিষের কৌটো পাওয়া যায়। খাবারে যে বিষ মিশেছে, সে ব্যাপারেআমরানিশ্চিতহই।'

একই বাইকে চারজন এবং হেলমেট ছাড়া

নিজস্ব সংবাদদাতা, কাকদ্বীপ : একই বাইকে চারজন এবং হেলমেট ছাড়া। এই কারণে ঢোলাহাট থানার পুলিশের একজন কনস্টেবল বাইকটি আটকান। কেন বাইক আটকানো হল এই নিয়ে বচসায় জড়িয়ে পড়ে সুকান্ত কাঁসার নামে এক বাইক আরোহী। সুকান্ত একজন সেনা কর্মী। বচসার সময় হঠাৎই সুকান্ত এবং অন্য যুবকরা পুলিশকে মারধর শুরু করে। খবর পেয়ে ঢোলা থানা থেকে আরও পুলিশ এসে অভিযুক্তদের থানায় নিয়ে যায়। সোমবার কাকদ্বীপ মহকুমা আদালতে তোলা হলে বিচারক চারজনকে ১৪ দিনের জেল হেফাজতের নির্দেশ দিয়েছেন।

কিডনি পাচারচক্রে জড়িত থাকার অভিযোগে গ্রেফতার ৯

নিজস্ব সংবাদদাতা, নৈহাটি : আন্তঃরাজ্য কিডনি পাচারচক্রের সঙ্গে জড়িত থাকার অভিযোগে ন'জনকে গ্রেফতার করল পুলিশ। ধৃতদের নৈহাটির মিত্র পাড়ার একটি ভাড়াবাড়ি থেকে গ্রেফতার করা হয়। ওই বাড়ি থেকেই কিডনি পাচারচক্রের জাল বিস্তার করেছিল অভিযুক্তরা। পুলিশ সূত্রে খবর, নৈহাটি পুরসভার জল বিভাগের কর্মী সরফরাজ আহমেদ এই পাচারচক্রের সঙ্গে যুক্ত ছিল। বিশ্বজিৎ পাল নামে এক স্থানীয় বাসিন্দার বাড়িতে ধৃতদের থাকার ব্যবস্থা করে দেয় সরফরাজই। এরপর গোপন সূত্রে খবর পেয়ে পুলিশ ওই বাড়িতে হানা দিয়ে বাড়ির মালিক বিশ্বজিৎ, সরফরাজ আহমেদ, মহম্মদ ইকবাল, অসমের বাসিন্দা ভারতী ছেত্রী সহ ন'জনকে গ্রেফতার করে পুলিশ। ধৃতদের জেরা করে এই চক্রের মূল পান্ডা মহম্মদ আখতারের কথা জানতে পেরেছে পুলিশ। তার খোঁজে তল্লাশি চালানো হচ্ছে। ধৃতদের মধ্যে ভারতী এবং ইকবাল নিজেদের একটি করে কিডনি বিক্রিও করেছে বলে জানা গেছে। সোমবার সকালে নৈহাটি স্টেট জেনারেল হাসপাতালে ধৃতদের শারীরিক পরীক্ষা করা হয়। সোমবার দুপুরে ব্যারাকপুর আদালতে তোলা হয়।

CHANGE OF NAME

I, "**SEJAL PARMAR (NEW NAME)**, D/O SANJAY PARMAR, PREVIOUSLY CALLED **SEJAL S. PARMAR (OLD NAME)**, RESIDENT OF "PRITAM APPARTMENT", 43, DOBSON ROAD, , 2ND FLOOR, FLAT NO. 04, HOWRAH-711101, P.S. GOLABARI, HEREBY SOLEMNLY DECLARE THAT I WILL BE KNOWN / PRONOUNCED AS "**SEJAL PARMAR" (New Name)** IN ALL THE GOVERNMENT / PRIVATE DOCUMENTS WITH IMMEDIATE EFFECT VIDE NOTARY PUBLIC AFFIDAVIT BEFORE CMM'S COURT AT BANKSHALL COURT, KOLKATA ON 19.03.2018

CHANGE OF NAME

I, "JASMIN PARMAR (NEW NAME), WIFE OF SANJAY PARMAR, PREVIOUSLY CALLED JASMIN CHANDRAKANT BHAI MAKWANA (OLD NAME), RESIDENT OF 43, DOBSON ROAD, "PRITAM APPARTMENT", 2ND FLOOR, FLAT NO. 04, HOWRAH-711101, P.S. GOLABARI, HEREBY SOLEMNLY DECLARE THAT I WILL BE KNOWN / PRONOUNCED AS "JASMIN PARMAR" (NEW NAME) IN ALL THE GOVERNMENT / PRIVATE DOCUMENTS WITH IMMEDIATE EFFECT VIDE NOTARY PUBLIC AFFIDAVIT BEFORE CMM'S COURT AT BANKSHALL COURT, KOLKATA ON 19.03.2018

CHANGE OF NAME

I SYED SHAHNAWAZ S/O LT. ABDUL MANNAN R/O HUSSAIN NAGAR, DHARAMPUR, P.O. BURNPUR, P.S. HIRAPUR, DIST-PASCHIM BARDHAMAN, PIN-713325 (WB) MY ACTUAL AND CORRECT NAME IS SYED SHAHNAWAZ S/O LT. ABDUL MANNAN BUT THE TIME OF ISSUE OF PASSPORT NO. E.6364542 MY NAME WRONGLY RECORDED AS SHANAWAZ IN PLACE OF SYED SHAHNAWAZ AND SAME REQUIRED TO BE RECTIFIED BY THE AUTHORITY CONCERN. SO I DECLARE THAT SYED SHAHNAWAZ AND SHANAWAZ S/O LT. ABDUL MANNAN IS THE SAME AND ONE IDENTICAL PERSON. AS PER AFFIDAVIT LD. EXECUTIVE MAGISTRATE AT ASANSOL COURT ON 20 APRIL 2018

AFFIDAVIT

I,Imteyaz Khan S/o, Irfan Khan, resident of 274 Dharampur, Masjid Road, Burnpur, P.S. Hirapur, District :- Paschim Bardhaman, do hereby solemnly affirm and declare as follows:-

01. That I am the propriator of Hindustan Enterprise. Where I running a business of Civil Contractor & General Order supply.
2. That now I desire to change the nature and character of the said Hindustan Enterprise as Civil Contractor and Machanical Electrical instead of Civil Contractor & General Order Supply.
03. That my nature and character of business should be rectified as Civil Contractor & Mechanical Electrical in lieu of Civil Contactor & general order supply. If any dispute arise in future in this regard I shall be responsible for the name. Be it mentioned here that from my Trade Licence General Order supply will be removed and add Mechanical Electrical on the basis of this affidavit asper affidavit Ld. Executive Magistrate at Asansol Court on 19.4.2018.